

কিভাবে অনলাইন মাদরাসা শুরু করবেন

A-Z লঞ্চ গাইডলাইন

কুরআন ট্রেনিং একাডেমি

সূচিপত্র

ভূমিকা.....৩

একাডেমি বিজনেস মডেল.....৫

কোন মডেলে শুরু করবেন.....২৬

নিশ ও টার্গেট মার্কেট নির্বাচন ৩৩

নাম ও ব্রান্ডিং যেভাবে করবেন.....৪৪

একাডেমি সেটাপ : A-Z.....৫৪

ফি কিভাবে নির্ধারণ করবেন.....৬৬

টিচার হায়ার ও সেলারি সিস্টেম.....৮১

যেভাবে কন্টেন্ট বানাবেন.....৯৭

ফেসবুকে মার্কেটিং স্ট্রাটেজি.....১১০

30-DAY LAUNCH PLAN.....১২৬

এখন আপনার পালা..... ১৪২

নমুনা কপি — সম্পূর্ণ ইবুক পেতে: 01724649947

ভূমিকা

একটি অনলাইন কুরআন একাডেমি শুরু করার স্বপ্ন হয়তো আপনারও আছে। হয়তো আপনি একজন কুরআন শিক্ষক, হাফেজ, আলেম, মাদরাসা শিক্ষক—অথবা এমন একজন মানুষ, যিনি চান ঘরে বসে দেশ-বিদেশের মুসলিম পরিবারের কাছে শুদ্ধ কুরআন শিক্ষা ও ইসলামিক শিক্ষা পৌঁছে দিতে। কিন্তু স্বপ্ন দেখার পরই সামনে আসে অনেক প্রশ্ন—

- একাডেমি শুরু করব কীভাবে?
- কত টাকা বেতন নির্ধারণ করব?
- শিক্ষার্থী কোথা থেকে পাব?
- ফেসবুকে কী ধরনের কনটেন্ট তৈরি করব?
- মার্কেটিং কীভাবে করব?
- ট্রায়াল ক্লাস কীভাবে পরিচালনা করব?
- শিক্ষক কখন নিয়োগ করব?
- শিক্ষকদের কত বেতন দেব?

আর সবচেয়ে গুরুত্বপূর্ণ—এই একাডেমিকে কীভাবে লাভজনক ও দীর্ঘস্থায়ী প্রতিষ্ঠানে পরিণত করব?

আমি এই প্রশ্নগুলো খুব কাছ থেকে দেখেছি।

৫,০০০-এরও বেশি মানুষকে অনলাইন মাদরাসা ও অনলাইন একাডেমি শুরু ও পরিচালনার বিষয়ে প্রশিক্ষণ দেওয়ার সুযোগ হয়েছে আমার। পাশাপাশি ৭০-এরও বেশি একাডেমি উদ্যোক্তাকে সরাসরি মেন্টরিং করেছি। এই অভিজ্ঞতা থেকে একটি বিষয় আমি খুব পরিষ্কারভাবে বুঝেছি— একটি অনলাইন একাডেমি শুরু করা কঠিন নয়; কিন্তু সেটিকে একটি গোছানো, বিশ্বাসযোগ্য, লাভজনক এবং দীর্ঘস্থায়ী প্রতিষ্ঠানে পরিণত করাই আসল চ্যালেঞ্জ।

একটি সফল অনলাইন কুরআন বা ইসলামিক একাডেমির জন্য যা প্রয়োজন—এই বইটি সেই পুরো পথটিকে সহজ ও বাস্তবভাবে আপনার সামনে তুলে ধরার একটি চেষ্টা।

নমুনা কপি — সম্পূর্ণ ইবুক পেতে: 01724649947

এখানে শুধু কী করতে হবে তা বলা হবে না। বরং কোন কাজটি আগে করবেন, কোনটি পরে করবেন, কীভাবে করবেন, কোথায় কত টাকা খরচ হতে পারে, কীভাবে শিক্ষক নিয়োগ করবেন, কীভাবে বেতন নির্ধারণ করবেন, কীভাবে লাভের হিসাব করবেন, কীভাবে শিক্ষার্থী আনবেন এবং কীভাবে একাডেমিকে ধীরে ধীরে বড় করবেন—এসব বিষয় নিয়েও বিস্তারিত আলোচনা থাকবে।

আপনি যদি একদম শুরু থেকে একাডেমি তৈরি করতে চান, এই বই আপনাকে শুরু করার পথ দেখাবে।

আর আপনি যদি ইতিমধ্যে ছোট পরিসরে কুরআন বা ইসলামিক শিক্ষা দিয়ে থাকেন, তাহলে এই বই আপনাকে সেই ছোট উদ্যোগকে একটি পেশাদার একাডেমিতে রূপ দেওয়ার পথ দেখাবে।

আমার উদ্দেশ্য শুধু আপনাকে তথ্য দেওয়া নয়।

আমার উদ্দেশ্য হলো—এই বই পড়ার পর আপনি যেন সত্যিই কাজে নামতে পারেন।

মনে রাখবেন,

একটি একাডেমি শুধু কয়েকজন শিক্ষক আর কিছু শিক্ষার্থী দিয়ে তৈরি হয় না। একটি সফল একাডেমি তৈরি হয় একটি শক্তিশালী সিস্টেম দিয়ে।

চলুন, সেই সিস্টেম একসঙ্গে তৈরি করা শুরু করি।

নমুনা কপি — সম্পূর্ণ ইবুক পেতে: 01724649947

Chapter 1

একাডেমি বিজনেস মডেল



নমুনা কপি — সম্পূর্ণ ইবুক পেতে: 01724649947

অনলাইন একাডেমি বনাম ব্যক্তিগতভাবে অনলাইনে পড়ানো

অনলাইনে কুরআন পড়ানোর ক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়গুলোর একটি হলো—আপনি কি একজন শিক্ষক হিসেবে কাজ করবেন, নাকি একটি একাডেমি গড়ে তুলবেন?

দুই পদ্ধতিতেই আপনি শিক্ষার্থীদের অনলাইনে পড়াতে পারবেন। কিন্তু তাদের কাজের ধরন, আয়, দায়িত্ব, ঝুঁকি এবং ভবিষ্যৎ সম্ভাবনা এক নয়।

অনেকেই কয়েকজন শিক্ষার্থী দিয়ে অনলাইনে পড়ানো শুরু করেন। ধীরে ধীরে শিক্ষার্থী বাড়ে, পরিচিতি বাড়ে, আয়ও বাড়ে।

কিন্তু একসময় গিয়ে একটি সীমাবদ্ধতা দেখা দেয়—আপনার নিজের সময় সীমিত। আপনি দিনে যত ঘণ্টা পড়াতে পারবেন, শিক্ষার্থীও ততটুকুই নিতে পারবেন। আপনি অসুস্থ হলে ক্লাস কমবে। আপনি ব্যস্ত হলে আয় কমবে। আপনি ছুটিতে গেলে পুরো কাজ থেমে যেতে পারে।

এটাই ব্যক্তিগতভাবে অনলাইনে পড়ানোর সবচেয়ে বড় সীমাবদ্ধতা।

অন্যদিকে, একটি একাডেমির মূল শক্তি হলো—একটি সিস্টেম তৈরি করা।

নমুনা কপি — সম্পূর্ণ ইবুক পেতে: 01724649947

ব্যক্তিগতভাবে অনলাইনে পড়ানো

ধরুন, আপনি নিজে ১০ জন শিক্ষার্থীকে কুরআন পড়ান। প্রতিদিন নির্দিষ্ট সময়ে তাদের সঙ্গে ক্লাস করেন, মাসিক ফি নেন এবং নিজেই সব ক্লাস পরিচালনা করেন।

এখানে শিক্ষার্থীদের সঙ্গে আপনার সরাসরি সম্পর্ক রয়েছে এবং আপনার আয় মূলত আপনার নিজের শ্রম ও সময়ের ওপর নির্ভর করছে।

আপনি যত বেশি সময় দিতে পারবেন, তত বেশি শিক্ষার্থী পড়াতে পারবেন। কিন্তু একটি পর্যায়ের পর আর বাড়ানো সম্ভব হবে না। কারণ আপনার সময় ২৪ ঘণ্টার বেশি হবে না।

এটিকে আমরা বলতে পারি—নিজের দক্ষতা ও সময়ের বিনিময়ে আয় করা।

অনলাইন একাডেমি কী?

এখন ধরুন, আপনি একটি প্রতিষ্ঠানের নাম দিলেন। একটি নির্দিষ্ট কোর্স কাঠামো তৈরি করলেন। শিক্ষার্থী ভর্তির সিস্টেম তৈরি করলেন। কয়েকজন দক্ষ শিক্ষক নিয়োগ দিলেন। শিক্ষার্থীদের ক্লাস, উপস্থিতি, অগ্রগতি, ফি এবং অভিভাবকদের সঙ্গে যোগাযোগের জন্য নির্দিষ্ট সিস্টেম তৈরি করলেন।

নমুনা কপি — সম্পূর্ণ ইবুক পেতে: 01724649947

এটি একটি নমুনা কপি

সম্পূর্ণ ইবুকে আরও অনেক কিছু অপেক্ষা করছে

১৪৬ পৃষ্ঠার A-Z গাইডলাইন — শুরু থেকে লঞ্চ পর্যন্ত

- ✓ কোন মডেলে শুরু করবেন
- ✓ নিশ ও টার্গেট মার্কেট নির্বাচন
- ✓ নাম ও ব্র্যান্ডিং যেভাবে করবেন
- ✓ একাডেমি সেটাপ : A-Z
- ✓ ফি কিভাবে নির্ধারণ করবেন
- ✓ টিচার হায়ার ও সেলারি সিস্টেম
- ✓ যেভাবে কন্টেন্ট বানাবেন
- ✓ ফেসবুকে মার্কেটিং স্ট্র্যাটেজি
- ✓ 30-DAY LAUNCH PLAN

সম্পূর্ণ ইবুক পেতে এখনই যোগাযোগ করুন

01724649947

কুরআন ট্রেনিং একাডেমি